ষষ্ঠ অধ্যায়

# দ্বিতীয় পরিচ্ছেদ : সমার্থক শব্দ বা প্রতি

সমার্থক শব্দ বলতে আমরা বুঝি 'সমান অর্থ' সম্পন্ন শব্দ। একটা শব্দে যে অর্থ প্রকাশ পায়, বোঝাতে আরও একটা শব্দ ব্যবহার করা হয়। আভিধানিক অর্থে সমার্থক শব্দ 'প্রতিশব্দ' নামেও যেমন 'জল' শব্দটি। এর সমার্থক শব্দ হলো নীর, অপ, বারি, অম্বু, উদক, পানি প্রভৃতি। সুতরাং **শব্দ একই অর্থ প্রকাশ করে তাদের সমার্থক শব্দ বলা হয়।** এরকম কয়েকটি শব্দের উদাহরণ নীচে হলো :

## অঙ্গ-প্রত্যঙ্গ বিষয়ক সমার্থক শব্দ

মুখ—বদন, আনন, আস্য।
চুল—কেশ, চিকুর, অলক, কুন্তল।
শরীর—দেহ, কায়া, তনু, গা।
গাল—কপোল, গণ্ডদেশ।
হাত—হস্ত, কর, পাণি, বাহু।
নাক—নাসিকা, নাসা, ঘ্রাণেন্দ্রিয়।
দাঁত—দন্ত, দশন, আশী, রদ।

কান—কর্ণ, শ্রবণ, শ্রুতি, শ্রোত্র।
মাথা—মস্তক, মুণ্ড, শির, শীর্ষ।
ঘাড়/কাঁধ—গ্রীবা, কন্ধরা, স্কন্ধ।
পা—পদ, চরণ, পাদ।
বুক—বক্ষ, হৃদয়, উর, উরস্।
চক্ষু—চোখ, লোচন, নয়ন, নেত্র।

## জীবজন্তু বিষয়ক সমার্থক শব্দ

মৃগ—হরিণ, এণ কুরঙ্গ।
মৎস্য—মাছ, মীন।
পাখি—পক্ষী, বিহঙ্গ, খেচর, বিহগ।
ময়ূর—কলাপী, শিখী।
সিংহ—পশুরাজ, কেশরী, মৃগেন্দ্র, হর্যক্ষ।
কাক—বায়স, পরভৃৎ।

মৌমাছি—অলি, মধুপ, ভৃঙ্গ, মধুকর।
হাতি—গজ, বারণ, করী, দণ্ডী, দ্বিপ।
সর্প—সাপ, অহি, ভুজঙ্গ, নাগ।
নর—মানুষ, লোক, নৃ, মনুষ্য।
কোকিল—পিক, পরভৃত, বসন্তসখা।
অশ্ব—ঘোড়া, বাজী, হয়, ঘোটক।

## প্রকৃতি বিষয়ক সমার্থক শব্দ

বিদ্যুৎ—বিজলি, চপলা, তড়িৎ, ক্ষণপ্রভা।
বন—অরণ্য, কান্তার, বিপীন, কানন।
জল—সলিল, নীর, উদক, অম্বু।
চন্দ্র—চাঁদ, শশী, শশাঙ্ক, বিধু।
সূর্য—তপন, রবি, আদিত্য, দিননাথ, দিবাকর।
মেঘ—নীরদ, জলদ, জলধর, পয়োদ।
তীর—তট, কূল, সৈকত, বেলা।

গাছ—বৃক্ষ, অটবী, বিটপী, তরু।
পাহাড়—পর্বত, গিরি, নগ, ভূধর।
অগ্নি—আগুন, অনল, বহ্নি, পাবক।
পৃথিবী—ধরণী, মহি, ধরা, বসুমতী।
আকাশ—খ, ব্যোম, অভ্র, গগন, অম্বর।
দিন—দিবস, অহঃ, বাসর।
কিরণ—কর, রশ্মি, বিভা, অংশু।

## পরিচিত পরিবেশ বিষয়ক সমার্থক শব্দ

পূজা—বন্দনা, ভজন, প্রার্থনা, অর্চনা, আরাধনা।
মন্দির—দেউল, ভজনালয়, দেবালয়।
উদ্যান—বাগিচা, কানন, উপবন, বাগান।
যুদ্ধ—রণ, সমর, সংগ্রাম, আহব।

দরজা—দ্বার, ফটক, তোরণ, দুয়ার।
কাপড়—পরিধেয়, বস্ত্র, অম্বর, বাস।
পুকুর—জলাশয়, তড়াগ, সরোবর।
গৃহ—বাসস্থান, বাসা, ঘর, আবাস, নিলয়।

## দেবদেবী বিষয়ক সমার্থক শব্দ

দুর্গা—পার্বতী, উমা, চণ্ডী, ভবানী।
সরস্বতী—সারদা, জ্ঞানদা, বাগ্‌দেবী, কাদম্বরী।
শিব—মহাদেব, স্থাণু, ভূতনাথ, রুদ্র।
কৃষ্ণ—নারায়ণ, গোপাল, মুকুন্দ, গোবিন্দ।

গঙ্গা—জাহ্নবী, সুরধনী, মন্দাকিনী, ভাগীরথী।
দেবতা—দেব, অমর, সুর, অসুরারি।
লক্ষ্মী—কমলা, নারায়ণী, বিষ্ণুপ্রিয়া।
বিষ্ণু—মাধব, নারায়ণ, বিধাতা।

## পরিজন বিষয়ক সমার্থক শব্দ

মা—জননী, অম্বা, মাতা, জন্মদাত্রী।
বোন—ভগিনী, স্বসা, সহোদরা।
কন্যা—তনয়া, কন্যকা, দুহিতা, আত্মজা।
স্ত্রী—বধূ, ভার্যা, পত্নী, ঘরণী, দারা।
বন্ধু—সখা, বান্ধব, সুহৃদ, মিত্র।
অতিথি—আগন্তুক, অভ্যাগত, আমন্ত্রিত।
চাকর—ভৃত্য, দাস, সেবক, কিঙ্কর।

বাবা—জনক, পিতা, জন্মদাতা, তাত।
ভাই—ভ্রাতা, সহোদর, অগ্রজ, অনুজ।
পুত্র—তনয়, নন্দন, আত্মজ, সুত।
স্বামী—পতি, বর, দয়িত।
শিক্ষক—গুরু, আচার্য, অধ্যাপক।
শত্রু—অরি, অরাতি, বৈরী।

## জেনে রাখা দরকার

* লেখার সময় একই শব্দের বারে বারে প্রয়োগ এক ঘেয়েমি থাকে।
* সমার্থক শব্দের প্রয়োগ একঘেয়েমি থেকে মুক্তি পায়।
* লেখার সৌন্দর্য বাড়ায়।
* ভাষাকে সমৃদ্ধ করে।
* ভাষার ওপর দখল বাড়ায়।

## অনুশীলনী

**(ক) নৈর্ব্যক্তিক প্রশ্নাবলি** **(প্রতিটির প্রশ্নের মান-১)**

**১। সমার্থক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করো :**

(ক) দেবতারা ——— লোকের অধিবাসী।

(খ) হিমালয় কন্যা ——— মহাদেবের স্ত্রী।

(গ) প্রাসাদ সংলগ্ন ——— ফুল ফুটেছে।

(ঘ) ——— বান্ধব নিয়ে সবাই বাঁচতে চায়।

(ঙ) ——— ফুলে ফুলে মধু খেয়ে ফিরছে।

(চ) বনের মধ্যে ——— চলাচলের পথ লক্ষ্য করলাম।

(ছ) ——— জঙ্গালে ঘুরে বেড়ালে সাপে কাটতে পারে।

(জ) আকাশ আজ ——— ঢাকা পড়েছে।

**২। ঠিক উত্তরটি বেছে নাও :**

কর্ণ—সূতপুত্র/কান/লতি/কাজ। চোখ—লোচন/দৃশ্য/দর্শনীয়/দৃশ্যবস্তু।

মৌমাছি—মধুপ/মাছি/মশা/বোলতা। দেহ—তনু/তনয়া/তন্বী/তণ্ডুল।

মৃগ—এণ/পশু/জন্তু/বনচর।

**(খ) অতিসংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলি :** **(প্রতিটির প্রশ্নের মান-১)**

**১। নিম্নলিখিত শব্দগুলির সমার্থক শব্দ লেখো :**

পাহাড়, আকাশ, মেঘ, বন, কাপড়, গৃহ, বিদ্যুৎ, পৃথিবী, সর্প, অশ্ব, কাক, শিব, বাবা, স্বামী, মাথা, চোখ, শত্রু, চাকর, গঙ্গা, শরীর, গাল, নাক, দণ্ড, স্ত্রী, দার, জল, কিরণ, দিন।

**২। নিম্নরেখ শব্দগুলির প্রতিশব্দ লেখো :**

(ক) তার পরিধেয় ছিন্ন। (খ) আপনার আবাস কোথায়?

(গ) আজকাল ভালো বর পাওয়া মুশকিল। (ঘ)দেউলে দেউলে কাঁদিয়া ফিরিগো।

(ঙ) আকাশে বিজলির চমক দেখা যাচ্ছে।

**(গ) সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলি :** **(প্রতিটির প্রশ্নের মান-১)**

**১। সমার্থক শব্দ বলতে কী বোঝো?**

**২। নিম্নরেখ শব্দগুলির পরিবর্তে সমার্থক শব্দ বসিয়ে বাক্যগুলি পূরণ করো :**

(ক) তিনি দুদিন জল পান করে কাটালেন।

(খ) দিবস রজনি আমি যেন কার আশায় আশায় থাকি।

(গ) আমার সঙ্গে তার এখন অহি নকুল সম্পর্ক।

(ঘ) খোল খোল দ্বার রাখিও না আর বাহিরে আমারে দাঁড়ায়ে।

(ঙ) রবি করে জ্বালতন আছিল সবাই।

(চ) দেহ রণ মোরে অবিলম্বে।

(ছ) কচি মালতির কাঁচা দলগুলি আনমনে কাটে দশনে।

**৩। ঠিক উত্তরটি বেছে নাও :**

গৃহ—বাগিচা/বাসা/ঘর।

অতিথি—বন্ধু/আত্মীয়/আগন্তুক।

গুরু—আচার্য/শিক্ষক/অগ্রজ।

মুখ—আনন/কানন/কান্তার।

মৌমাছি—মধুপ/বোলতা/ভ্রমর।

পৃথিবী—ধরনী/নভ/কান্তার।